


# রংপুরে মোমবাতি জ্বলে এইচএসসি পরীক্ষা

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, মঙ্গলবার, ০২ এপ্রিল ২০১৯

বিদ্যুৎ না থাকায়  
মোমবাতি  
জ্বালিয়ে  
এইচএসসি  
পরীক্ষা দিয়েছে  
শিক্ষার্থীরা।



প্রথমদিন বাংলা  
পরীক্ষায় রংপুর নগরীর সবগুলো কেন্দ্রেই বিদ্যুৎ  
না থাকায় পরীক্ষার্থীরা মোমবাতি জ্বালিয়ে পরীক্ষা  
দিতে সমস্যার সম্মুখীন হয়েছে। এজন্য কলেজ  
কর্তৃপক্ষ কোন পদক্ষেপ না নেয়ায় পরীক্ষার্থীরা  
তীব্র ক্ষোভ প্রকাশ করেছে গতকাল থেকে  
এইচএসসি পরীক্ষা শুরু হয়েছে।

সরজমিন রংপুর নগরীর শালবন এলাকায়  
সরকারি রোকেয়া কলেজ কেন্দ্রে গিয়ে দেখা  
গেছে শিক্ষার্থীর মোমবাতি নিয়ে পরীক্ষা কেন্দ্রে  
প্রবেশ করছে। কয়েকজন পরীক্ষার্থী জানান  
সকাল থেকে পরীক্ষা কেন্দ্রে বিদ্যুৎ নেই।  
ঘরগুলো অন্ধকার তাই বাধ্য হয়ে মোমবাতি নিয়ে  
পরীক্ষা দিতে যাচ্ছে তারা। কলেজের অধ্যক্ষ  
মোবাখখারুল ইসলাম জানান কলেজে বিদ্যুৎ

নেই। রাতে ঝড় হবার কারণে নগরীর বোশরভাগ এলাকায় বিদ্যুৎ না থাকায় শিক্ষার্থীরা মোমবাতি জ্বালিয়ে পরীক্ষা দিচ্ছে। এতে তাদের ভীষণ সমস্যা হচ্ছে বলে জানান তিনি। একইভাবে অভিভাবকরা অভিযোগ করেন পরীক্ষা হবে, কর্তৃপক্ষের এজন্য আগে থেকে বিকল্প ব্যবস্থা নেয়া উচিত ছিলো। অন্ধকারে শিক্ষার্থীরা পরীক্ষা দেবে কিভাবে?।

এ ব্যাপারে পিডিবি'র কন্ট্রোলরুমে যোগাযোগ করা হলে দায়িত্বরত কর্মকর্তা সাহাদত আলী জানান রোববার মধ্য রাতে ঝড় হবার কারণে বিদ্যুতের খুঁটি উপড়ে যাওয়ায় এবং বিদ্যুৎ লাইনে গাছ পালা পড়ার কারণে দুটি ফিডার ছাড়া সব ফিডারে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে। তবে বেলা একটা পর্যন্ত পরীক্ষা থাকলেও কোন কোন পরীক্ষা কেন্দ্রে ১২টার পর বিদ্যুৎ এসেছে বলে জানা গেছে।

চলতিবছর দিনাজপুর শিক্ষাবোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছেন ১ লাখ ২৪ হাজার ৮৭৯ জন পরীক্ষার্থী। দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. তোফাজ্জুর রহমান জানান, সোমবার হতে শুরু হওয়া এইচএসসি পরীক্ষায় এবার অংশ নিচ্ছেন ১ লাখ ২৪ হাজার ৮৭৯ জন পরীক্ষার্থী। এরমধ্যে ৬৪ হাজার ১৭৮ জন ছাত্র ও ৬০ হাজার ৭০১ জন ছাত্রী।

রংপুর বিভাগের আট জেলার ১৯৯টি কেন্দ্রের এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ২৮ হাজার ৫৬ জন, মানবিক বিভাগে ৮১ হাজার ১৩৭ জন

এবং ব্যবসায় শিক্ষা বিভাগে ১৫ হাজার ৬৮৬ পরীক্ষার্থী অংশ নেবে। এদিকে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠান এবং প্রশ্নপত্র ফাঁসরোধে কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে প্রশাসন। পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা শুরুর আধাঘণ্টা আগে প্রবেশ করাসহ তল্লাশি করে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হচ্ছে।

এছাড়া রংপুর জেলায় আলিম ১০টি কেন্দ্রে ১৯৩২ জন, এইচএসসি (বিএম) ১৭টি কেন্দ্রে ৮৬৪২ জন এবং এইচএসসি (বিজনেস স্টাডিজ ও ভোকেশনাল) ২টি কেন্দ্রে ২১২ জন পরীক্ষায় অংশ নিচ্ছে বলে শিক্ষাবোর্ড সূত্রে জানা গেছে।